গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
(শিক্ষা ও কল্যাণ শাখা)
www.jashore.gov.bd



স্মারক নং-০৫.৪৪.৪১০০.০০৮.০৬.০২০.২৬-৫২৯(২০৩)

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩
১১ নভেম্বর ২০২৬

বিষয়: মহাকবি মধুসূদন পদক প্রদান সম্পর্কিত বিজ্ঞপ্তি ও আবেদন ফরম প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহাকবি মাইকেল মধুসূদন দত্তের ২০৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে প্রতিবারের ন্যায় এবারো ২০২৭ সালের জানুয়ারি মাসে মধুমেলা উদযাপন করা হবে। এ উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির অংশ হিসেবে বরাবরের ন্যায় এবারো মহাকবি মধুসূদন পদক প্রদান করা হবে। এ লক্ষ্যে মহাকবি মধুসূদন পদক ২০২৭ প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি ও আবেদন ফরমের ০২ (দুই) সেট এ সাথে প্রেরণ করা হলো। আগ্রহী প্রার্থীদের মধ্যে উক্ত আবেদন ফরম বিতরণ করার জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত ফরমে আবেদন ও আনুষঙ্গিক কাগজপত্র আগামী ২৪ ডিসেম্বর ২০২৬ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। উল্লেখ্য যে, প্রয়োজনে আবেদন ফরমের ফটোকপি বিতরণ করা যাবে। এছাড়াও www.jashore.gov.bd ওয়েবসাইট থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

২। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। বিজ্ঞপ্তির কপি-২টি
২। আবেদন ফরমের কপি-২টি

মোহাম্মদ আশেক হাসান
জেলা প্রশাসক, যশোর
ও
সভাপতি
মাইকেল মধুসূদন ফাউন্ডেশন, যশোর
ফোনঃ ০২৪৭৭৭৬২৬৫২
ই-মেইল: dcjessore@gmail.com
dcjessore@mopa.gov.bd

প্রাপক

.....

.....

.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।
(শিক্ষা ও কল্যাণ শাখা)
www.jashore.gov.bd



স্মারক নং-০৫.৪৪.৪১০০.০০৮.০৬.০২০.২৬-৫০৮

তারিখ: ১৮ কার্তিক ১৪৩৩ / ০৩ নভেম্বর ২০২৬

মহাকবি মধুসূদন পদক প্রদান সম্পর্কিত সংশোধিত বিজ্ঞপ্তি (বিস্তারিত)

বাংলা সাহিত্যের অন্যতম পথিকৃৎ যশোরের কৃতি সন্তান মাইকেল মধুসূদন দত্ত। বাংলা সাহিত্যে তাঁর অবদানকে স্মরণীয় করে রাখতে **'মাইকেল মধুসূদন ফাউন্ডেশন'** যশোর কর্তৃক সাহিত্যপ্রেমীদের সাহিত্য চর্চা ও গবেষণায় উদ্বুদ্ধকরণের লক্ষ্যে প্রতিবছরের মত এবারও ২০২৭ সালের জন্য **'মহাকবি মধুসূদন পদক'** প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ বছর সৃজনশীল সাহিত্যের (কবিতার) উপর ০১ (এক) টি এবং গবেষণাধর্মী (মাইকেল মধুসূদন দত্তের উপর) / যে কোন গবেষণার উপর ০১ (এক) টি সর্বমোট ০২ (দুই) টি পদক প্রদান করা হবে। **'মহাকবি মধুসূদন পদক'** গ্রহণে আগ্রহী কবি, সাহিত্যিক ও গবেষকদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে। **'মহাকবি মধুসূদন পদক'** এর পুরস্কার বাবদ সম্মানী হিসেবে নগদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা এবং ০১ টি পদক উক্ত ফাউন্ডেশনের পক্ষ থেকে প্রদান করা হবে। নীচের শর্তাবলী সাপেক্ষে বাংলাদেশের যে কোন নাগরিক আবেদন করতে পারবেন।

শর্তাবলী:

১. আগ্রহী সাহিত্যিক ও গবেষক নিজে অথবা তার পক্ষে কোন ব্যক্তি নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন ।
২. আগামী ২৪/১২/২০২৬ তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ নিশ্চিত করতে হবে।
৩. ইতোপূর্বে পদক প্রাপ্ত হয়ে থাকলে তিনি আর আবেদন করতে পারবেন না।
৪. দাখিলকৃত আবেদনপত্রের সাথে পদকের জন্য বিবেচ্য বই এর ০৫ (পাঁচ) কপি সংযোজনী হিসেবে জমা দিতে হবে।
৫. মাইকেল মধুসূদন দত্তের সাহিত্যকর্মের উপর গবেষণা পদক প্রদানের জন্য অগ্রাধিকার পাবে।
৬. একজন ব্যক্তি ০২(দুই) বিষয়ের উপর আবেদন করতে চাইলে পৃথক পৃথকভাবে আবেদন ফরম ব্যবহার করতে হবে।
৭. একটি বিষয়ের পদকের জন্য একটি সাহিত্যকর্ম প্রেরণ করতে হবে। এক বিষয়ের জন্য একের অধিক সাহিত্যকর্ম গ্রহণযোগ্য হবে না।
৮ দাখিলকৃত আবেদনপত্রের সাথে পদকের জন্য বিবেচ্য বই অবশ্যই ০১/০১/২০২০ এর পরে প্রকাশিত হতে হবে।
৯. মহাকবি মধুসূদন পদক প্রদান বিষয়ে এ সংক্রান্ত জুরি বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

আবেদনপত্র সংগ্রহ:
অনলাইনে www.jashore.gov.bd থেকে ফরম ডাউনলোড করা যাবে।

আবেদনপত্র জমাদানের ঠিকানা:

জেলা প্রশাসক ও সভাপতি
মাইকেল মধুসূদন ফাউন্ডেশন
শিক্ষা ও কল্যাণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়,যশোর।
ফোনঃ ০২৪৭৭৭৬২৬৫২

স্বাক্ষরিত/৩/১১/২৬
মোহাম্মদ আশেক হাসান
জেলা প্রশাসক, যশোর
ও
সভাপতি
মাইকেল মধুসূদন ফাউন্ডেশন, যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, যশোর

(শিক্ষা ও কল্যাণ শাখা)

দুই কপি রঙিন পাসপোর্ট সাইজ এবং দুই কপি স্ট্যাম্প সাইজ ছবি

মহাকবি মধুসূদন পদক আবেদন ফরম

(কেবলমাত্র বাংলাদেশের নাগরিকদের জন্য প্রযোজ্য)

১। (i) প্রস্তাবকারী ব্যক্তি/সংস্থার নাম:.....

(ii) ঠিকানা (টেলিফোন/মোবাইল/ফ্যাক্সসহ):.....

২। (i) প্রস্তাবিত ব্যক্তি/আবেদনকারীর নাম:

পদবি/পেশা:.....

পিতার নাম:.....মাতার নাম:.....

জন্ম তারিখ:.....নিজ জেলা:.....

(ii) জন্মস্থান:.....

(iii) জাতীয়তা:.....

(iv) স্থায়ী ঠিকানা (টেলিফোন/মোবাইলসহ):.....

.....

(v) বর্তমান ঠিকানা (টেলিফোন/মোবাইলসহ):.....

.....

(vi) শিক্ষাগত যোগ্যতা:

ক্র: নং	শিক্ষার স্তর	শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	শিক্ষাজীবনের বিশেষ কৃতিত্ব (যদি থাকে)
১	প্রাথমিক বিদ্যালয়		
২	এসএসসি/সমমান		
৩	এইচএসসি/সমমান		
৪	স্নাতক/সমমান		
৫	স্নাতকোত্তর/সমমান		
৬	উচ্চতর ডিগ্রি		
৭	উল্লেখযোগ্য অন্য কোন সার্টিফিকেট/ডিপ্লোমা		

(vii) উল্লেখযোগ্য গবেষণা/প্রবন্ধ/বই প্রকাশনার বিবরণ:

ক্র: নং	গবেষণা/প্রবন্ধ/বই প্রকাশনার শিরোনাম	প্রকাশক/জার্নালের দাম, প্রকাশনার স্থান ও বছর	মন্তব্য
১			
২			
৩			

(viii) যে গবেষণাধর্মী সাহিত্যকর্মের জন্য আবেদন করা হয়েছে তার নাম ও বিবরণ (গবেষণাধর্মী বইটির নমুনা কপি প্রেরণ করতে হবে): .....

.....

ix) বিশেষ কোন পুরস্কার/সম্মাননা পেয়ে থাকলে তার বিবরণ:

ক্র: নং	পুরস্কার/সম্মাননার নাম ও প্রাপ্তির সাল	গবেষণা/প্রবন্ধ/বই প্রকাশনার শিরোনাম	পুরস্কার/সম্মাননার সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য (যদি থাকে)
১				
২				
৩				

(x) উল্লেখ করার মতো অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য থাকলে তার বিবরণ:.....

.....

.....

তারিখ: প্রস্তাবক/আবেদনকারীর স্বাক্ষর

** প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে।

** ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।